



বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
www.bb.org.bd

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্ট

এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৫

তারিখ: ১৪ চৈত্র ১৪২৯
২৮ মার্চ ২০২৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

সিএমএসএমই খাতে অর্থায়নের লক্ষ্যে ২৫,০০০ (পঁচিশ হাজার) কোটি টাকার প্রাক-অর্থায়ন স্কিমের
আওতায় উৎপাদন, সেবা ও ব্যবসা খাতে ঋণ/বিনিয়োগের বিভাজনের হার সাময়িকভাবে
শিথিলকরণ এবং প্রাক অর্থায়নের বিপরীতে কিস্তির আদায়সূচি নির্ধারণ প্রসঙ্গে।

অত্র বিভাগের ১৯ জুলাই ২০২২ তারিখের এসএমইএসপিডি সার্কুলার নং-০৪, ০৮ নভেম্বর ২০২২ তারিখের
এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৭, ১৮ জানুয়ারি ২০২৩ তারিখের এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০১ এবং ৩১
জানুয়ারি ২০২৩ তারিখের এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২. কোভিড-পরবর্তী সময়ে দেশের অর্থনৈতিক কর্মকাণ্ডে অন্যান্য খাতের পাশাপাশি ব্যবসা খাতেও ঋণ/বিনিয়োগের চাহিদা
অপেক্ষাকৃত অধিক মর্মে পরিলক্ষিত হচ্ছে। এ প্রেক্ষাপটে এসএমইএসপিডি সার্কুলার লেটার নং-০৭/২০২২ এ বর্ণিত
উৎপাদন, সেবা ও ব্যবসা খাতে ঋণ/বিনিয়োগ প্রদানের বিদ্যমান বিভাজনের হার শিথিলকরণঃ গ্রাহকের চাহিদানুযায়ী ব্যাংক
ও আর্থিক প্রতিষ্ঠান যে কোন খাতে ঋণ প্রদান করতে পারবে। এ শিথিলতা আগামী ৩০ জুন ২০২৪ তারিখ পর্যন্ত বলবৎ
থাকবে।
৩. এতদ্ব্যতীত, বাংলাদেশ ব্যাংক হতে প্রাক-অর্থায়নের আওতায় গৃহীত অর্থ ইতিপূর্বের নির্দেশনা অনুযায়ী ৬০(ষাট) শতাংশ
মেয়াদি ঋণ/বিনিয়োগ হিসেবে এবং ৪০(চল্লিশ) শতাংশ চলতি মূলধন ঋণ/বিনিয়োগ হিসেবে বিতরণ করতে হবে। তাছাড়া,
প্রাক-অর্থায়নের আওতায় বাংলাদেশ ব্যাংক হতে প্রদত্ত অর্থ নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণপূর্বক আদায় করা হবে:
 - ক) মেয়াদি ঋণ/বিনিয়োগ হিসেবে প্রদত্ত অর্থ ৬(ছয়) মাস গ্রোস পিরিয়ডসহ ৫(পাঁচ) বছর মেয়াদে ত্রৈমাসিক ভিত্তিতে
সুদ/মুনাফাসহ কিস্তি আদায়;
 - খ) চলতি মূলধন ঋণ/বিনিয়োগ হিসেবে প্রদত্ত অর্থ ১২(বারো) মাস অন্তে সুদ/মুনাফাসহ এককালীন আদায়।
৪. এছাড়া, সূত্রে বর্ণিত সার্কুলার ও সার্কুলার লেটারে বর্ণিত অপরাপর নির্দেশনা অপরিবর্তিত থাকবে।
৫. ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারা এবং আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ
নির্দেশনা জারি করা হলো।
৬. এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ আশিকুর রহমান)
পরিচালক (এসএমইএসপিডি)

ফোন: ৯৫৩০৫০২